



Date: 07. 11.2017


Enclosed is the news item appearing in the Ananda Bazar Patrika' a Bengali daily dated 05. 11 2017, captioned 'বিরোধীদের ওষুধ, ছমকি সৌমিকের'

The S.P. Murshidabad is directed to have the matter enquired into and to take appropriate steps as also to file a report by 15th December. 2017.


(Justice Girish Chandra Gupta)

Chairperson


(Naparajit Mukherjee)
Member


(M.S. Dwivedy)
Member

বিরোধীদের ওষুধ, হুমকি সৌমিকের

অনল আবেদিন

নবগ্রাম: ক'দিন আগেই মুর্শিদাবাদে এসে তৃণমূলের জেলা পর্যবেক্ষক শুভেন্দু অধিকারী বলে গিয়েছিলেন, আসন্ন পঞ্চায়েত নির্বাচনে জিতে হবে গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ উপায়ে।

কিন্তু শনিবার তাঁরই নামে বিরোধীদের কার্যত হুমকি দিলেন রাজ্য যুব তৃণমূলের সাধারণ সম্পাদক সৌমিক হোসেন। নবগ্রামের পলসভায় প্রকাশ্য সভায় কর্মীদের উদ্দেশে তিনি বলেন, “পঞ্চায়েত ভোট সামনে। বিরোধীদের মিছিলে কারা হাটছে তা লিখে রাখুন। ভোটের আগেই তাদের এমন ভিটামিন ট্যাবলেট দেব, তখন ওরা টের পাবে।”

গত বিধানসভা ভোটের আগে ‘চড়াম চড়াম’ ঢাক বাজানোর হুঙ্কার ছেড়ে শিরোনামে ছিলেন পাশের জেলা বীরভূমের অনুব্রত মণ্ডল। প্রায় একই কায়দা নিয়েছেন ডোমকলের পুরপ্রধান সৌমিকও। গত গত বুধবার বহরমপুরে মদন মিত্রের সভাতেও প্রায় একই রকম হুমকি দিয়েছিলেন তিনি।

গত পুরভোটে ডোমকলে সৌমিক বাহিনীর বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ তুলে প্রার্থী প্রত্যাহার করে নিয়েছিল সিপিএম, কংগ্রেস, বিজেপি। কার্যত নির্বিरोধে পুরপ্রধানের কুর্সি দখল করেন সৌমিক। এ দিন তিনি বলেন, “ডোমকলের মডেলেই ভোট হবে।

বিরোধীদের বলছি, প্রচার করতে ঘর থেকে বাইরে বেরোবেন না। রাস্তায় আপনাদের কেউ থ্যাঙালে আমরা দায়ী থাকব না।”

মুর্শিদাবাদের রাশ প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর হাত থেকে অনেক দিন আগেই বেরিয়ে গিয়েছে। গত পুরভোটে নিজে পাড়ে থেকেও তিনি ডোমকল বাঁচাতে পারেননি। সৌমিক এ দিন কর্মীদের উদ্দেশে বলেন, “সব আসন জিতে অধীর চৌধুরীর মুখে বামা ঘষে দিতে হবে।” যা শুনে অধীরের প্রতিক্রিয়া, “মানুষের ভোটে নয়, দখলদারির রাজনীতিতে ডোমকল পুরসভা দখল করেছে তৃণমূল। সমাজবিরোধী ও পুলিশের জোরে ওরা বুথ দখলের প্রস্তুতি নিচ্ছে। তাই এই আফসোস।”

নবগ্রাম ছাড়াও সমশেরগঞ্জের কাঁকড়িয়া ও ফরাঙ্কার কলেজ মাঠে এ দিন তৃণমূলের কর্মসভা হয়। তিন জায়গাতেই অধীরকে নিশানা করেন শুভেন্দুও। তাঁর দাবি, “মুর্শিদাবাদে তৃণমূলকে হারাতে অধীর চৌধুরী বিজেপির সঙ্গে জোট বাঁধতে চাইছেন। তিনি কখনও নকশাল করেছেন, কখনও সিপিএম করেছেন। এখন কংগ্রেস করছেন। বিজেপি করাটাই শুধু বাকি আছে।” অধীরের পালা কটাক্ষ, “বিজেপির সঙ্গে ঘর করতে তৃণমূলই অভ্যস্ত, কংগ্রেস নয়। এ সব অবাস্তব কথা বলে লাভ নেই।”



■ মুর্শিদাবাদের কর্মসভায় সৌমিক হোসেন, শুভেন্দু অধিকারী। নিজস্ব চিত্র

খড়গপু
ইঞ্জিনি
বড়গপ